

প্রধানমন্ত্রী তারেক রহমানের হাতকে শক্তিশালী করার আহ্বান খুবি উপাচার্যের

খুবি প্রতিনিধি

প্রকাশ: ৩০ মে, ২০২৬ ১৫:৫৬



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী তারেক রহমানের হাতকে শক্তিশালী করার জন্য সকলকে আহ্বান জানিয়েছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম।

শনিবার দুপুরে বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের সাব-সেন্ট্রাল মসজিদে কর্মকর্তাদের সংগঠন বন্ধন ও কর্মচারীদের সংগঠন 'একতা' কর্তৃক আয়োজিত শহীদ জিয়াউর রহমানের ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা ও দোয়া অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় এ আহ্বান জানান তিনি।

উপাচার্য বলেন, স্বাধীনতার ঘোষণা দিয়ে শহীদ জিয়া যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। তিনি যতগুলো প্রতিশ্রুতি দিয়েছিলেন, সবগুলোই এগিয়ে যাচ্ছে। এখন আমাদের দায়িত্ব রাষ্ট্রের এসব কাজে সহযোগিতা করা। আমরা সবাই মিলে প্রধানমন্ত্রী তারেক রহমানের হাতকে শক্তিশালী করব।

আমাদের যতই বিভেদ থাকুক না কেন, আমরা সবাই
একত্রিত হয়ে দেশটাকে এগিয়ে নিয়ে যাব। এটা
আমাদেরই দায়িত্ব।



উপাচার্য বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের
আদর্শ আমরা এখানে যারা আছি, সবাই ধারণ করি।
প্রেসিডেন্ট জিয়া অল্প সময়ে দেশটাকে যা দিয়েছেন বা
যে স্বপ্ন দেখিয়েছিলেন, তা ছিল এক বিরল।

তার কর্মকাণ্ড ও স্বপ্নের অনেক কিছুই তিনি বাস্তবায়ন করে গেছেন। সেই আদর্শ ও স্বপ্নকে ধারণ করে তারেক রহমান দেশটাকে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. হারুনর রশীদ খান বলেন, ১৯৮১ সাল বাংলাদেশের ভাগ্যাকাশে এক কালো অধ্যায় হিসেবে চিহ্নিত হয়ে আছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন একজন ভাগ্যবান সৈনিক, যিনি স্বাধীনতার ঘোষণা দিয়ে নিজেও যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। এটি পৃথিবীর ইতিহাসে একটি বিরল ঘটনা।

আরো পড়ুন



জীবিত জিয়ার চেয়ে শহীদ জিয়া বেশি শক্তিশালী : দুলু

খুলনা-১ আসনের সংসদ সদস্য আমীর এজাজ খান বলেন, কিছু বিপথগামী সেনা কর্মকর্তা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে নির্মমভাবে হত্যা করে। দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও শহীদ জিয়ার আদর্শের সন্তান তারেক রহমান আজ দেশকে নেতৃত্ব দিচ্ছেন।

এ সময় উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক নুরুন্নবী, ছাত্রবিষয়ক পরিচালক অধ্যাপক ড. মো. নাজমুস সাদাত, আইন স্কুলের ডিন ও ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের অধ্যাপক শেখ মাহমুদুল হাসান, ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিনের অধ্যাপক শরিফ মোহাম্মদ খানসহ বিভিন্ন ডিসিপ্লিনের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতারা।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের এসেট্ট শাখা প্রধান মোহাম্মদ আলী ও দোয়া পরিচালনা করেন কেন্দ্রীয় মসজিদের পেশ ইমাম মুফতি আব্দুল কুদ্দুস।